এইচএসসি পরীক্ষায় ভোগান্তি

# শিক্ষামন্ত্রীর পদত্যাগ দাবিতে অনড় আন্দোলনকারীরা



সমকাল প্রতিবেদক

প্রকাশ: ১৭ জুলাই ২০২৬ | ০৯:২৪ | আপডেট: ১৭ জুলাই ২০২৬ | ১০:১৬

| প্রিন্ট সংস্করণ

- অ +

শিক্ষা মন্ত্রণালয় অভিমুখে পূর্ব ঘোষিত গতকাল বৃহস্পতিবারের লংমার্চ কর্মসূচিতে রাস্তায় নামেননি আন্দোলনরত এইচএসসি পরীক্ষার্থীরা। তারা জানিয়েছেন, জনদুর্ভোগের কথা বিবেচনা করে আপাতত কর্মসূচি স্থগিত করেছেন। তবে শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলনের পদত্যাগসহ তিন দফা দাবিতে অনড় অবস্থানে আছেন তারা।

গতকাল দুপুরে রাজধানীর সায়েন্স ল্যাব মোড়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে আন্দোলনকারী শিক্ষার্থীদের প্রতিনিধিরা এ ঘোষণা দেন। তারা বলেন, যে কোনো সময় নতুন কর্মসূচি আসতে পারে।

এদিকে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেছেন, কিছু মহল সরকারকে বিব্রত করার উদ্দেশ্যে পরিস্থিতিকে ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করছে। তারা মূলত ঘোলা পানিতে মাছ শিকার করতে চাচ্ছে।

শিক্ষার্থীরা সরকারের বিরুদ্ধে আন্দোলন করছেন না উল্লেখ করে সংবাদ সম্মেলনে ধানমন্ডির আইডিয়াল কলেজের এইচএসসি পরীক্ষার্থী মো. রায়ান বলেন, সাধারণ মানুষের দুর্ভোগ কমাতে তারা সাময়িকভাবে কর্মসূচি প্রত্যাহার করেছেন। এটি আন্দোলনের সমাপ্তি নয়।

শিক্ষার্থীরা আরও বলেন, তাদের মূল দাবিগুলো অপরিবর্তিত রয়েছে। এগুলো হলো– এমসিকিউ ও সিকিউ পরীক্ষার নম্বর একত্রে যোগ করে পাস নম্বর নির্ধারণ করতে হবে। দুর্যোগসহ বিভিন্ন কারণে যারা পরীক্ষায় অংশ নিতে পারেননি, তাদের আবার পরীক্ষায় বসার সুযোগ দিতে হবে। শিক্ষামন্ত্রীকে পদত্যাগ করতে হবে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত তাদের আন্দোলন চলবে। যে কোনো সময় নতুন কর্মসূচি ঘোষণা করা হবে।

**আইডি কার্ড ছাড়া কাউকে আন্দোলনে অংশ নিতে দেওয়া হবে না**

আন্দোলনে রাজনৈতিক উদ্দেশ্যে বহিরাগতদের অনুপ্রবেশের অভিযোগ তুলে শিক্ষার্থীরা জানান, ভবিষ্যতে পরিচয়পত্র (আইডি কার্ড) ছাড়া কাউকে আন্দোলনে অংশ নিতে দেওয়া হবে না। তাদের দাবি, যারা সরকার পতনের স্লোগান দিয়েছেন কিংবা আন্দোলনে বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করেছেন, তারা কেউই প্রকৃত পরীক্ষার্থী নন।
সামাজিক মাধ্যমে আলোচিত ‘ব্রয়লার চিকেন পার্টি’ নামে একটি ফেসবুক পেজের সঙ্গে নিজেদের সম্পৃক্ততার অভিযোগও নাকচ করেন তারা।

**‘কিছু মহল সরকারকে বিব্রত করতে চায়’**

চলমান পরিস্থিতি নিয়ে গতকাল সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ বলেন, ‘আন্দোলনে প্রকৃত শিক্ষার্থীদের পাশাপাশি অনেক অছাত্রও অংশ নিয়েছেন। সরকারকে বিব্রত করতে চায় কিছু মহল। তারা মূলত ঘোলা পানিতে মাছ শিকার করতে চাচ্ছে। অন্তর্বর্তী সরকারের সময়ও এ ধরনের আন্দোলনের প্রবণতা দেখা গিয়েছিল।’

মন্ত্রী বলেন, শিক্ষার্থীদের দাবির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় ইতোমধ্যে অবস্থান পরিষ্কার করেছে। দুর্যোগপূর্ণ আবহাওয়ার কারণে যারা পরীক্ষায় অংশ নিতে পারেননি, তাদের আবার পরীক্ষার সুযোগ দেওয়া হবে।

পদার্থবিজ্ঞান প্রথম পত্রের দুটি ভুল প্রশ্নের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, শিক্ষা মন্ত্রণালয় তদন্ত করবে এবং দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে ওই দুটি প্রশ্নের পূর্ণ নম্বর পরীক্ষার্থীদের দেওয়ার সিদ্ধান্তও ইতোমধ্যে ঘোষণা করা হয়েছে।

তিনি আরও বলেন, যারা দ্বিতীয় দিনের পরীক্ষায়ও অংশ নিতে পারেননি, তাদেরও বিশেষ ব্যবস্থায় পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হবে।

শিক্ষামন্ত্রীর একটি মন্তব্য নিয়ে যে বিতর্ক তৈরি হয়েছে, সে প্রসঙ্গে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ওই মন্তব্যে অনেকে কষ্ট পেয়েছেন এবং এ কারণে শিক্ষামন্ত্রী জাতীয় সংসদে দুঃখ প্রকাশ করেছেন।

**শিক্ষার মানের সঙ্গে আপস নয়**

ব্রিফিংয়ে সালাহউদ্দিন আহমেদ আরও বলেন, বর্তমান সরকার শিক্ষার মান ক্ষুণ্ন হতে দেবে না এবং নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণে বদ্ধপরিকর। তিনি অভিযোগ করেন, জুলাই গণঅভ্যুত্থানে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের সময় অটোপাস, অতিরিক্ত নম্বর প্রদান এবং ঢালাওভাবে জিপিএ ৫ দেওয়ার সংস্কৃতির কারণে শিক্ষার মান ক্ষতিগ্রস্ত হয়েছিল। বর্তমান সরকার সেই পরিস্থিতি থেকে বেরিয়ে এসে জ্ঞানভিত্তিক, প্রযুক্তিনির্ভর ও প্রতিযোগিতামূলক শিক্ষাব্যবস্থা গড়ে তুলতে কাজ করছে।
তবে আন্দোলনরত শিক্ষার্থীদের বিষয়ে মন্ত্রী বলেন, পুলিশকে তাদের বিরুদ্ধে কোনো ধরনের কঠোর ব্যবস্থা না নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

**চট্টগ্রাম বোর্ডের পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত**

বন্যা-পরবর্তী পরিস্থিতির কারণে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে সব জেলায় এইচএসসি ও সমমানের পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে। তবে অন্যান্য শিক্ষা বোর্ডের এইচএসসি ও সমমান পরীক্ষা নির্ধারিত সময়সূচি অনুযায়ীই চলবে।

গতকাল রাতে এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে শিক্ষা বোর্ডগুলোর মোর্চা আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।

**মাইলস্টোনের সাবেক ছাত্রীর বিরুদ্ধে জিডি**

এইচএসসি পরীক্ষাকে কেন্দ্র করে চলমান আন্দোলনে অংশ নেওয়া মাইলস্টোন কলেজের সাবেক এক ছাত্রীর বিরুদ্ধে থানায় সাধারণ ডায়েরি (জিডি) করেছে কলেজ কর্তৃপক্ষ।

রুবাইয়া মেহজাবিন সুহি নামে ওই ছাত্রীর বিরুদ্ধে অভিযোগ, তিনি কলেজ থেকে ট্রান্সফার সার্টিফিকেট (টিসি) নেওয়ার পরও প্রতিষ্ঠানের পরিচয়পত্র ব্যবহার করে আন্দোলনে অংশ নিয়েছেন এবং সরকারবিরোধী উস্কানিমূলক বক্তব্য দিয়েছেন।

গতকাল দুপুরে ঢাকার তুরাগ থানায় কলেজের সিকিউরিটি অফিসার মুহাম্মদ জহুরুল ইসলামের মাধ্যমে জিডি করা হয়। তিনি কলেজ কর্তৃপক্ষের পক্ষে এ জিডি করেন।

তুরাগ থানার উপপরিদর্শক (এসআই) মো. আরিফুল ইসলাম রানা জিডির বিষয়টি নিশ্চিত করে বলেন, প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।